# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৮৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - সালাতে ক্বেরাত পাঠ করার পরিমাণ

আরবী

وَعَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ ـ رضي الله عنه ـ قَالَ: كَانَ فُلَانٌ يُطِيلُ الْأُولَيَيْنِ مِنَ الظُّهْرِ, وَيُخَفِّفُ الْعَصْرَ, وَيَقْرَأُ فِي الْمَغْرِبِ بِقِصَارِ الْمُفَصَّلِ، وَفِي الْعِشَاءِ بِوَسَطِهِ وَفِي الصُّبْحِ بِطُولِهِ. فَقَالَ أَبُو هُرَيْرَةَ: مَا صَلَّيْتُ وَرَاءَ أَحَدٍ أَشْبَهَ صَلَاةً بِرَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مِنْ هَذَا. أَخْرَجَهُ النَّسَائِيُّ بِإِسْنَادٍ صَحِيحٍ

صحيح رواه النسائي (2/ 167 و 167 ـ 168) ولكن تصرف الحافظ في بعض ألفاظه

বাংলা

২৮৮. সুলাইমান বিন ইয়াসার থেকে বর্ণিত। তিনি বলেন-অমুক সাহাবী যুহরের ফারয সালাতের প্রথম দু'রাক'আতকে লম্বা করতেন ও 'আসরকে হালকা করতেন এবং মাগরিবের সালাতে কুরআনের কিসারে মুফাসসাল, 'ইশা'র সালাতে ওয়াসাতে মুফাসসাল ও ফজরের সালাতে তিওয়ালে মুফাসসালের সূরা পাঠ করতেন। অতঃপর আবূ হুরাইরা (রাঃ) বললেন- রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের সঙ্গে এর থেকে বেশী সাদৃশ্য পূর্ণ সালাত এ ব্যক্তি ছাড়া আর কারো পিছনে পড়ি নাই। —নাসায়ী সহীহ সানাদে।[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ ৮২৭, নাসায়ী ৯৮২, ৯৮৩

'তিওয়ালে মুফাসসাল'-সূরা হুজুরাত হতে সূরা বুরূজ পর্যন্ত সূরাসমূহকে বলা হয়। 'আওসাত্বে মুফাসসাল'-সূরা

তারিক্ব হতে সূরা বাইয়্যেনা পর্যন্ত সূরাসমূহকে বলে। ‘ক্বিসারে মুফাসসাল’-সূরা যিলযাল হতে সূরা নাস পর্যন্ত সূরাসমূহকে বলা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70099

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন